

## আপনার অধিকারগুলো জানুন:

# ফোরক্লোজার (বন্ধকদাতা তার বন্ধককৃত সম্পত্তির পেমেন্ট

কিভাবে একটি ফোরক্লোজারের মামলা লড়াই করতে হবে, ফোরক্লোজারের জবাব দাখিল করতে হবে সে বিষয়ে, এবং সেটেলমেন্ট কনফারেন্স প্রসেস (নিষ্পত্তি সম্মেলন প্রক্রিয়া) এর ব্যাপারে এই ফ্যাক্ট শিটে ব্যাখ্যা করা হয়েছে।

যখন আপনার বিরুদ্ধে ফোরক্লোজারের মামলা করা হয় তখন ফোরক্লোজারটির বিরুদ্ধে লড়াই করার জন্য আপনার যে ডিফেপ্স রয়েছে সেটি আদালত এবং ব্যাংককে জানানোর জন্য আপনার কাছে নির্দিষ্ট একটি সময় থাকবে। আপনি যদি <u>লিখিতভাবে</u> আপনার প্রতিক্রিয়া না জানান তাহলে বিরোধিতা ছাড়াই ব্যাংক মামলাটি জয় লাভ করতে পারবে। লিখিত প্রতিক্রিয়াটিকে বলা হয় জবাব বা **উত্তর**।

### জবাব প্রদানের জন্য আপনার কাছে দুইটি সুযোগ থাকবে::

- আপনাকে যদি স্ব-শরীরে ও সরাসরি ফোরক্লোজার পেপার দেওয়া হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই ২০ দিনের মধ্যে জবাব দিতে হবে। আপনাকে যদি
  মেইলের মাধ্যমে ফোরক্লোজার পেপার দেওয়া হয়ে থাকে তাহলে আপনাকে অবশ্যই ৩০ দিনের মধ্যে জবাব দিতে হবে।
- প্রথম সেটেলমেন্ট কনফারেন্সের পর ৩০ দিনের মধ্যে আপনি জবাব দেওয়ার জন্য দ্বিতীয় একটি সুযোগ পাবেন। সেটেলমেন্ট কনফারেপ্স হচ্ছে আদালতে আপনার এবং যে ফোরক্লোজারে আপনার বিরুদ্ধে মামলা করছে তাদের মধ্যে অনুষ্ঠিত একটি সাক্ষাৎকার। এটি কখন নির্ধারিত হবে সে ব্যাপারে অবহিত করে আদালত আপনাকে একটি চিঠি পাঠাবে। সেটেলমেন্ট কনফারেপ্স বিষয়ে আরও তথ্য নিচে দেওয়া আছে
- জবাব প্রদান এবং দাখিল করা উভয় কাজ দুইটি আপনাকে অবশ্যই করতে হবে।

### আমি জবাব না দিলে কী হবে?

- আপনি যদি ফোরক্লোজার অভিযোগটির জবাব না দেন তাহলে ফোরক্লোজারের বিরুদ্ধে আপনার কোনো ডিফেন্স থেকে থাকলে আদালত সেটি বিবেচনা
  করবে না। ডিফেন্স হচ্ছে আইনি মতবাদ বা ধারণা যা আপনার বিরুদ্ধে দায়ের করা ঋণদাতার অভিযোগ আইন অথবা তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে ভুল
  প্রমাণিত করার জন্য ব্যবহার করা হবে।
- উদাহরণস্বরূপ, ব্যাংক যদি বিবৃতি দেয় যে আপনি জানুয়ারি ২০১৯ তারিখে আপনার বন্ধকের অর্থ পরিশোধ করা বন্ধ করে দিয়েছেন, কিন্তু আপনার কাছে প্রমাণ আছে যে আপনি জানুয়ারি ২০২০ তারিখ পর্যন্ত আপনার বন্ধকের অর্থ পরিশোধ করেছেন, তাহলে এটি আপনার ভিফেন্স হতে পারে।
- তবে, আপনি যদি সময়মত ফোরক্লোজার অভিযোগের **জবাব** না দেন তাহলে ফোরক্লোজার মামলায় নিজেকে প্রতিরক্ষা করার জন্য আপনি এই *ডিফেপটি*ব্যবহার করতে পারবেন না।



**339-663-8600** 

### আপনার অধিকারগুলো জানুন: ফোরক্লোজার থেকে আপনার বাড়িকে





### কিভাবে আমি আমার জবাব দাখিল করতে পারি?

জবাব প্রদান এবং দাখিল করার সবথেকে ভালো উপায় হচ্ছে বিনামূল্যে আইনি সহায়তা গ্রহণ করা। এমনকি যদি কোনো আইনি পরিষেবা প্রদানকারী ব্যক্তি সকল কারণে আপনার মামলা গ্রহণ নাও করে থাকেন, তারা আপনাকে আপনার জবাব প্রস্তুত করার ক্ষেত্রে সহায়তা করতে পারবে। নিচের নম্বরে কল করুন।

### সেটেলমেন্ট কনফারেন্স কী?

- সেটেলমেন্ট কনফারেন্স হচ্ছে আদালতে আপনার এবং যে পক্ষ ফোরক্লোজারে আপনার বিরুদ্ধে মামলা করছে তাদের আইনজীবীর মধ্যে অনুষ্ঠিত একটি সাক্ষাৎকার।
   একজন রেফারি সাক্ষাৎকারটি পর্যবেক্ষণ করবেন এবং উভয় পক্ষকে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট কিছু কাজ করার জন্য নির্দেশ প্রদানের ক্ষমতা তার কাছে রয়েছে; উভয় পক্ষ
   আদালতের নিয়মকানুন এবং আইন মেনে চলছেন কিনা সে বিষয়টিও রেফারি নিশ্চিত করেন।
- আপনারা কোনো উপায়ে মামলাটির নিষ্পত্তি করতে পারেন কিনা তা দেখাই এই সাক্ষাৎকারটির উদ্দেশ্য। সাধারণত সেটেলমেন্ট বা নিষ্পত্তি প্রক্রিয়ার মধ্যে কোনো এক ধরণের লোণ সংক্রান্ত পরিবর্তন অথবা মাসিক পেমেন্ট পরিশোধের জন্য এককালীন পেমেন্ট অন্তর্ভুক্ত থাকবে। কখনো কখনো কোনো বাড়িওয়ালা যদি তার বাড়ি ছেড়ে চলে যেতে চান তাহলে সেই বাড়ির স্বেচ্ছাকৃতভাবে বিক্রয়ের মাধ্যমে সেটেলমেন্টের কাজটি সম্পন্ন হতে পারে।
- নির্ধারিত একটি সেটেলমেন্ট কনফারেন্সে যদি আপনি উপস্থিত না থাকেন তাহলে ফোরক্লোজারের মামলাটি ফোরক্লোজার প্রক্রিয়ার পরবর্তী ধাপে খুব দ্রুত অগ্রসর হবে
   এবং আপনি আপনার বাড়ি হারানোর আরও বেশি ঝুঁকিতে থাকবেন। আপনার প্রথম সেটেলমেন্ট কনফারেন্সে উপস্থিত থাকা খুবই গুরুত্বপূর্ণ।

#### সহায়তার জন্য আমদের কল করুন!

লিগ্যাল সার্ভিসেস NYC বাড়িওয়ালাদের তাদের জবাব প্রস্তুতে, আইনি প্রতিনিধিত্ব, এবং বাড়ি হারানো ঠেকাতে অন্যান্য সকল পরিষেবা প্রদানে সহায়তা করে। নিচের
নম্বরে আমদের কল করুন।



**\$59-665-8600**